

Higher Secondary Examination, 2008

Education (New Syllabus)

(Bengali Version)

১. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও: ১x১০=১০
- ক) ডিউই- এর মতে শিক্ষার উদ্দেশ্য হল-(i)সামাজিক বিকাশ (ii)দৈহিক বিকাশ (iii)নৈতিক বিকাশ (iv)আধ্যাত্মিক বিকাশ ।(সঠিক উত্তরটি নির্বাচন করো)
- খ) মানসিক ক্ষমতার মধ্যে যে উপাদানটি সব রকম বৌদ্ধিক কাজের ক্ষেত্রে সর্বজনীনভাবে বর্তমান থাকে সেই উপাদানটিকেক্ষমতা বলে ।(শূন্যস্থান পূরণ করো)
- গ) প্রাচীন অনুবর্তনের আবিষ্কারক কে ?
অথবা, খর্নডাইকের প্রবর্তিত শিখন কৌশলের নাম কী ।
- ঘ) 4, 7, 3, 9, 12, 15 এই রাশিমালার মধ্যমান (median)টি হল 12 ।(উত্তরটি ঠিক না ভুল)
অথবা, ছাত্রসংখ্যা হল অবিচ্ছিন্ন চলের একটি উদাহরণ । (উত্তরটি ঠিক না ভুল)
- ঙ) বৃত্তি এবং কারিগরী শিক্ষা কি কর্মক্ষেত্রের জন্য মানবসম্পদ তৈরী করে ?(হ্যাঁ/না লেখো)
- চ) নীচের কোন পদ্ধতিটি দৃষ্টিহীনদের শিক্ষায় ব্যবহার করা হয় ?(i)ওষ্ঠ পঠন (ii) ব্রেইল (iii) কম্পন ও স্পর্শন পদ্ধতি (iv) সংকেত বা প্রতীক পদ্ধতি ।
- ছ) নীচের বৈশিষ্ট্যগুলির মধ্যে কোনটি বধিরতার কারণে ব্যবহৃত হয় না ? (i) বৌদ্ধিক বিকাশ (ii) দৈহিক বিকাশ (iii) ভাষার বিকাশ (iv) সামাজিক বিকাশ ।
অথবা, কে মূক ও বধিরদের শিক্ষাদানের উদ্দেশ্যে মৌখিক পদ্ধতির প্রবর্তন করেন ?
- জ) বর্তমানে কম্পূটার ব্যবহৃত যে শিখন প্রক্রিয়াটি বিশেষ গুরুত্ব লাভ করেছে সেটিকেবলা হয় ।(শূন্যস্থান পূরণ করো)
- ঝ) মোডেম কম্পূটারের সফটওয়্যারের অংশ । (বক্তব্যটি ঠিক না ভুল)
- ঞ) কম্পূটার কি শিক্ষার্থীর ভাষা শিক্ষার সহায়তা করে ? (হ্যাঁ/না লেখো)
অথবা, CAL এর পুরো নামটি লেখো ।
২. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও: ২x১০=২০
- ক) শিক্ষার সমাজতান্ত্রিক উদ্দেশ্য বলতে কী বোঝো ?
অথবা, শিক্ষার সমাজতান্ত্রিক লক্ষ্যের স্বপক্ষে দুটি যুক্তি দাও ।
- খ) জাতীয় উন্নয়নের জন্য শিক্ষার যে কোনো দুটি লক্ষ্য উল্লেখ কর ।
- গ) প্রাচীন অনুবর্তন প্রক্রিয়ার সাংকেতিক চিত্র অঙ্কন করো ।
অথবা, শিক্ষাক্ষেত্রে অপারেট অনুবর্তনের দুটি প্রয়োগ উল্লেখ করো ।
- ঘ) নিম্নলিখিত স্কোরগুলির গড় ও ভূমিষ্ঠক (Mode) নির্ণয় করো: 9, 8, 9, 10, 3, 9
- ঙ) পরিসংখ্যা বহুভূজ(Frequency polygon) ও আয়তলেখ (Histogram)- এর একটি পার্থক্য উল্লেখ করো ।
- চ) কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ বলতে কী বোঝ ? নীচের পরিস্থিতিতে কেন্দ্রীয় প্রবণতার কোন পরিমাপটি যথাযথ ? (i) কোন দলের প্রাপ্ত স্কোরের মধ্যবিন্দু নির্ধারণে (ii) কোন দলের গড় সাফল্য নির্ধারণে ।
অথবা, নীচে প্রদত্ত শ্রেণি ব্যবধান দুটির (ক)নিম্ন প্রান্ত ও উর্ধ্ব প্রান্ত (খ)শ্রেণি ব্যবধানের দৈর্ঘ্য নির্ণয় করো:
(i) 45- 47 (ii) 80- 89
- ছ) প্রাথমিক শিক্ষার দুটি প্রয়োজনীয়তা উল্লেখ করো ।

- অথবা, প্রাথমিক শিক্ষার দুটি সমস্যা উল্লেখ করো ।
 জ) সাধারণধর্মী শিক্ষার পাঠ্যক্রমে কী কী বিষয় থাকা উচিত ?
 ঝ) সাধারণধর্মী শিক্ষার দুটি প্রয়োজনীয়তা উল্লেখ করো ।
 অথবা, বিশেষধর্মী শিক্ষার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো ।
 ঞ) শিক্ষাক্ষেত্রে কম্পিউটার ব্যবহারের দুটি সীমাবদ্ধতা উল্লেখ করো ।

৩. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও:

৫x৬=৩০

- ক) ব্যক্তিতাত্ত্বিক লক্ষ্যের মূল নীতিগুলি কী ?
 খ) মানসিক ক্ষমতা সংক্রান্ত দ্বি- উপাদান তত্ত্বটি ব্যাখ্যা করো ।
 অথবা, থার্স্টানের বহু উপাদান তত্ত্বটি বর্ণনা করো ।
 গ) থর্নডাইকের মতানুযায়ী শিখনের মূল সূত্রগুলি লেখো ।
 অথবা, প্রাচীন অনুবর্তন ও অপারেন্ট অনুবর্তনের পার্থক্য নির্দেশ করো ।
 ঘ) সাধারণ শিক্ষা ও বিশেষ শিক্ষার পারস্পরিক সম্পর্ক কী ?
 অথবা, বৃত্তি শিক্ষার প্রতিষ্ঠানগুলি কী কী ?
 ঙ) রবীন্দ্রনাথের শিক্ষা দর্শনের বিভিন্ন দিকগুলি কী কী ?
 অথবা, ঊনবিংশ শতকে পাশ্চাত্য শিক্ষাবিস্তারের রাজা রামমোহন রায়ের ভূমিকা উল্লেখ করো ।
 চ) নিম্নলিখিত স্কোর বন্টনটিকে পরিসংখ্যা বহুভূজের মাধ্যমে পরিবেশন করো ।

স্কোর	পরিসংখ্যা
10- 14	6
15- 19	10
20- 24	15
25- 29	20
30- 34	15
35- 39	9
.....	
	N=75
.....	

অথবা, শ্রেণি ব্যবধানের দৈর্ঘ্য 5 ধরে নীচের স্কোরগুলির ফ্রিকোয়েন্সি বন্টন নির্ণয় করো ।

প্রথম শ্রেণি ব্যবধানটি 10 স্কোর থেকে শুরু করো:

18 20 23 37 28 46 64 29 32 18

19 24 36 25 24 11 17 29 64 38

28 35 32 28 29 30 42 57 29 25

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও:

১০x৪=৪০

- ক) কৈশোর কাকে বলে ? কিশোর- কিশোরীদের ব্যক্তিগত অভিযোজনে মাধ্যমিক শিক্ষা কীভাবে সহায়তা করে ।

অথবা, প্রাক- প্রাথমিক শিক্ষার লক্ষ্যগুলি কী কী ? এই লক্ষ্যগুলি কীভাবে পূরণ করা যায় ?

- খ) প্রতিবন্ধী শিশুদের শিক্ষার সমস্যাগুলি কী কী ? এই শিশুদের শিক্ষার প্রয়োজনীয়তা আলোচনা করো ।

অথবা, অন্ধ শিশুদের শিক্ষাপদ্ধতিগুলি কী কী ? এই শিশুদের পাঠ্যক্রম সম্বন্ধে আলোচনা করো

- গ) গান্ধিজি পরিকল্পিত নঈ তামিল শিক্ষাব্যবস্থার স্তরগুলি কী কী ? এই প্রসঙ্গে বুনিয়াদী শিক্ষার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো ।

অথবা, প্রাথমিক শিক্ষা ও স্ত্রীশিক্ষা প্রসারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে বর্ণনা করো ।

ঘ) বিদ্যালয় শিক্ষার কাঠামো ও প্রাথমিক শিক্ষার উদ্দেশ্য সম্পর্কে ভারতীয় শিক্ষা কমিশনের(১৯৬৪- ৬৬) মতামত ব্যক্ত করো ।
অথবা, ১৯৮৬ সালের (১৯৯২- এ পুনর্বিবেচিত) জাতীয় শিক্ষানীতির নতুন কর্ম পরিকল্পনা সংক্ষিপ্ত বিবরণ দাও ।

www.Bengalstudents.com